গাংনী পল্লী বিদ্যুতের জোনাল অফিসের ভূতুড়ে বিলে দিশেহারা গ্রাহক

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের মিটার রিডার ও বিল প্রস্তুতকারী বিলিং অ্যাসিস্ট্যান্টদের বিরুদ্ধে ভূতুড়ে বিলে দিশেহারা গ্রাহকরা। হঠাৎ বিল বেশি এলেও গ্রাহকদের অভিযোগ করার জায়গা নেই।

এতে বিদ্যুৎ ব্যবহারকারীরা পড়ছেন নানা বিড়ম্বনায়। তবে কর্মকর্তা বলছেন, বিল বেশি হওয়ার বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

আবাসিক মিটার ব্যবহারকারীর অভিযোগে জানা গেছে, চলতি বছরের জুন মাসের বিল ১ হাজার ৩৬ টাকা, জুলাই মাসের বিল ১ হাজার ২৭৬ টাকা হলেও বর্তমান আগস্ট মাসের ব্যবহৃত বিদ্যুতের বিল এসেছে ৩০ হাজার ৬৮৪ টাকা। যা দৃশ্যত প্রস্তুতকৃত বিলে চরম গরমিল ও অসামঞ্জস্যপূর্ণ।

ভূতুড়ে বিলের এমন ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার রায়পুর গ্রামের গ্রাহক শ্রী মদু দাসের ছেলে শ্রী সন্নাসী দাসের ক্ষেত্রে। যার মিটার নং: ০০১০৩৮৩০। সন্নাসী দাস জানান, আমি একজন দিনমজুর। দীর্ঘদিন যাবৎ গাংনী জোনাল অফিসের আওতায় বিদ্যুৎ ব্যবহার করে আসছি।

বিগত বছর ও মাসগুলোতে কখনও ভূতুড়ে বিল আসেনি। প্রতি মাসেই গড়ে ৫০০ টাকা থেকে ১ হাজার টাকা বিল করা হয়ে থাকে। চলতি আগস্ট মাসে ৩০ হাজার টাকার বেশি বিল দেখে আমি হতবাক। এখন এত টাকা আমি কীভাবে পরিশোধ করব?

তিনি স্থানীয় লোকজনের পরামর্শে গাংনী পল্লী বিদ্যুৎ অফিসের ডিজিএমকে বিষয়টি অবহিত করলে তিনি বলেন, মিটারের রিডিং অনুযায়ী বিল ঠিক আছে। আপনি একবারে দিতে না পারলে মাসে মাসে দিয়ে পরিশোধ করবেন।

শুধু সন্নাসী দাস নয়, এমন ভূতুড়ে বিলের অভিযোগ অনেকের। বিষয়টি ভোক্তা অধিদপ্তরকে খতিয়ে দেখার দাবি জানিয়েছেন ভুক্তভোগী

গ্রাহকরা।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের ডিজিএম বিজয় কুন্ড জানান, যদি মিটার রিডিংয়ে গরমিল থেকে থাকে, তদন্ত করে বিলের সমন্বয় করা হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, এমন ঘটনায় আমাদের কাছে কেউ লিখিত অভিযোগ করেনি। যদি কোনো গ্রাহক অভিযোগ করেন, তাহলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি সাজ্জাদুল আনাম সাজেদুল আটক

রাজধানী ঢাকার পল্লবী ১২ নম্বর রেসিডেন্সিয়াল এলাকায় বিশেষ অভিযানে মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি সাজ্জাদুল আনাম সাজেদুল আটক করেছে র্যাব-৪ ও পুলিশ।

বুধবার সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত যৌথভাবে পরিচালিত এ অভিযানে তাকে আটক করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, সাজ্জাদুল ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগে তদন্ত চলমান রয়েছে। তবে তার বিরুদ্ধে নির্দিষ্ট কোনো মামলার বিস্তারিত তথ্য এখনো প্রকাশ করা হয়নি। আটকের পর তাকে স্থানীয় থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

র্যাব জানায়, সাজ্জাদুল আনাম সাজেদুলের বিরুদ্ধে কিছু গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এই অভিযান পরিচালিত হয়েছে। তবে তদন্তের স্বার্থে বিস্তারিত তথ্য আপাতত প্রকাশ করা সম্ভব নয়।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসার হযরত আলীকে বিদায় সংবর্ধনা

বদলি জনিত কারণে মেহেরপুর জেলা শিক্ষা অফিসার হযরত আলীকে এক আবেগঘন পরিবেশে বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল বুধবার দুপুরে জেলা শিক্ষা অফিসের হলরুমে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথিকে ক্রেস্ট ও ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন শিক্ষকবৃন্দ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিদায়ী জেলা শিক্ষা অফিসার হযরত আলী।

এসময় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার আব্দুর রহিম, নজরুল শিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, হাতিভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শফিকুল ইসলাম, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, কান্দেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম, মমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল জব্বার, শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল আওয়াল প্রমুখ।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন পিরোজপুর দাখিল মাদ্রাসার সুপার আসাদুজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন আবুল কালাম আজাদ, মোহাম্মদ আশরাফুজ্জামান, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, আবুল কাশেমসহ অনেকে। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এস এম ফয়জুল কবির।

বক্তারা বিদায়ী জেলা শিক্ষা অফিসার হযরত আলীর শিক্ষা উন্নয়নে অবদানের কথা স্মরণ করেন এবং তাঁর সুস্থ, সুন্দর ও সফল জীবনের

মেহেরপুর সরকারি কলেজে আর্থিক সাক্ষরতা শীর্ষক সেমিনার ও ব্যাংকিং বুথ স্থাপন

মেহেরপুর সরকারি কলেজে আর্থিক সাক্ষরতা ও ডিজিটাল ব্যাংকিং শীর্ষক সেমিনার, ব্যাংকিং বুথ স্থাপন ও বৃক্ষরোপণ কর্মসূচী পালন করেছে পূবালী ব্যাংক।

আজ মঙ্গলবার সকালে কলেজের ছাত্র-শিক্ষক মিলনায়তনে অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন, সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবির। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর কৃষি গবেষণা কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. মো: মতিয়ার রহমান, চুয়াডাঙ্গা পুবালী ব্যাংক শাখার ম্যানেজার চন্দ্র শেখর রয়, মেহেরপুর পূবালী ব্যাংকের ম্যানেজার মো: মনসুর আলী।

সেমিনার শেষে প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিরা কলেজে ক্যাম্পাসের তিন দিনের অস্থায়ী ব্যাংকিং বুথের উদ্বোধন করেন। উদ্বোধন শেষে বৃক্ষরোপণে উদ্ভুদ্দ করার জন্য কলেজ ক্যাম্পাসে গাছের চারা রোপণ করেন।

এছাড়াও বিভিন্ন কর্মসূচীতে মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেন।

মেহেরপুরে শিক্ষার মান উন্নয়নে অভিভাবক সমাবেশ

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার সময় বিদ্যালয় মাঠে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি সাইফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো: খায়রুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

সমাবেশে আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম, এডহক কমিটির সাবেক সভাপতি নাসির উদ্দিন, আকসেদ আলী, সহকারী শিক্ষক কামরুল ইসলাম, এইতেসামুল হকসহ গ্রামের আমন্ত্রিত সুধীজন, অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীরা।

আলোচনায় বক্তারা বলেন, শিক্ষা উন্নয়নে শিক্ষক-অভিভাবক-শিক্ষার্থীর সম্মিলিত প্রচেষ্টার বিকল্প নেই। শিক্ষার মান বাড়াতে অভিভাবকদের আরও বেশি সচেতন ও অংশগ্রহণমূলক ভূমিকা রাখার আহ্বান জানান অতিথিরা।

ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামির মুক্তির দাবিতে গাংনীতে মানববন্ধন

জাসদের কেন্দ্রীয় সভাপতি কাজী আরেফসহ দলটির কেন্দ্রীয় ৫ নেতা হত্যা মামলার ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি রওশন আলীর বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার ও নিঃশর্ত মুক্তির দাবিতে মানববন্ধন

করেছেন এলাকাবাসী।

মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলা পরিষদ গেটে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন রওশন আলীর ছেলে আমির হামজা। এছাড়া এলাকার রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নিয়ে রওশন আলীর মুক্তির দাবি জানান।

উল্লেখ্য, ১৯৯৯ সালের ১৬ ফেব্রুয়ারি কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার কালিদাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে সন্ত্রাসবিরোধী এক জনসভা চলাকালীন সময়ে সন্ত্রাসীরা এলোপাতাড়ি গুলি ও বোমা হামলা চালায়। ঘটনাস্থলে নিহত হন জাসদের কেন্দ্রীয় সভাপতি কাজী আরেফ আহমেদ, কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি লোকমান হোসেন, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইয়াকুব আলী, স্থানীয় জাসদ নেতা ইসরাইল হোসেন ও সমশের মণ্ডল।

ঘটনার দিনই পুলিশ বাদী হয়ে হত্যা মামলা দায়ের করে। চাঞ্চল্যকর এই হত্যাকাণ্ডের সাড়ে ৫ বছর পর ২০০৪ সালের ৩০ আগস্ট কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালত ১০ আসামির ফাঁসি ও ১২ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেন। আপিলের পর ২০০৮ সালের ৫ আগস্ট হাইকোর্ট রওশন আলীসহ ৯ জনের ফাঁসির আদেশ বহাল রাখে এবং একজনকে খালাস দেয়। এছাড়া ১২ জনের সাজা মওকুফ করা হয়।

এসময় মামলার এজাহারভুক্ত ১৯ নং আসামি রওশন আলী পলাতক ছিলেন। ২০২১ সালের ১৬ আগস্ট রাজশাহী থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। বর্তমানে তিনি যশোর কেন্দ্রীয় কারাগারে রয়েছেন।

পরিবারের দাবি, আওয়ামী লীগ সরকারের রোষানলে পড়ে তৎকালীন কাজিপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক রওশন আলীকে এই মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছে।

হাইকোর্টের বিচারপতি হলেন মেহেরপুরের সন্তান অ্যাডভোকেট আসিফ হাসান

প্রথমবারের মতো বিচারপতি হিসেবে নিয়োগ পেলেন মেহেরপুরের কৃতি সন্তান অ্যাডভোকেট আসিফ হাসান। তাঁকে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে অতিরিক্ত বিচারপতি হিসেবে নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান বিচারপতির সঙ্গে পরামর্শক্রমে এবং সংবিধানের ৯৮ অনুচ্ছেদ অনুসারে অ্যাডভোকেট আসিফ হাসানসহ মোট ২৫ জনকে হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারপতি হিসেবে নিয়োগ দেন।

শপথ গ্রহণের দিন থেকে আগামী দুই বছরের জন্য তাঁরা হাইকোর্ট বিভাগে দায়িত্ব পালন করবেন।

অ্যাডভোকেট আসিফ হাসান মেহেরপুর শহরের কোর্ট রোডের বাসিন্দা এবং মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি মরহুম অ্যাডভোকেট আব্দুর রশিদের যোগ্য উত্তরসূরি।

মেহেরপুর বন্ধুসভার বৃক্ষরোপন ও বিতরণ কর্মসূচী পালিত

প্রথম আলো মেহেরপুর বন্ধুসভার বৃক্ষরোপন ও কর্মসুচী পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১টায় মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে কর্মসুচী পালিত হয়।

কর্মসুচীতে উপস্থিত ছিলেন, বন্ধুসভার সভাপতি ও সরকারি মহিলা কলেজের উপাধক্ষ আব্দুল্লাহ আল আমিন, সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ, বন্ধসভার যুগ্ন সম্পাদক আশিক রাব্বি,

অ্যন্দ্রিয়া সরকার, ফারিয়া, শিমুলসহ বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এসময় তিনটি আমড়া গাছের চারা রোপন করা হয় বিদ্যালয় প্রাঙ্গণে। ২০০টি ফলজ, বনজ গাছের চারা বিতরণ করা হয়। মেহগনি, লেবু, কদবেল, মহানিম, আমড়া গাছের চারা বিতরণ করা হয়।

বৃক্ষরোপন কর্মসুচীতে সভাপতি আব্দুল্লাহ আল আমিন বলেন, প্রতিটি শিক্ষার্থীকে দুটি করে বৃক্ষরোপন করতে হবে। আমাদের দেশ, আমাদের পরিবেশ, আমাদের সমাজ আমাদের দায়িত্ব তা রক্ষা করা। চলো গড়ি সবুজ দেশ। সড়কের পাশে খালি যায়গায় আমরা চারা গাছ রোপন করে সবুজে ভরে তুলি দেশ।

মেহেরপুরে ৮ জলাশয়ে ৪০০ কেজি পোনা অবমুক্ত

“অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি” এ স্লোগানকে সামনে রেখে ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি, বর্ষা প্লাবিত ধানক্ষেত, প্লাবনভূমি ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা অবমুক্ত কার্যক্রম শুরু হয়েছে।

মঙ্গলবার (২৬ আগস্ট) সকাল সাড়ে ৯টার দিকে মেহেরপুর পৌর গড়পুকুরে আনুষ্ঠানিকভাবে এ কর্মসূচির উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা সাধন চন্দ্র সরকার, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আখি, সদর উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

অনুষ্ঠানে জানানো হয়, জেলার বিভিন্ন অভ্যন্তরীণ জলাশয়ে মোট আটটি স্থানে প্রায় ৪০০ কেজি দেশি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এর মাধ্যমে দেশি মাছের প্রজাতি সংরক্ষণ, উৎপাদন বৃদ্ধি এবং সাধারণ মানুষের প্রোটিন চাহিদা পূরণে ভূমিকা রাখবে বলে আশা

মেহেরপুরের সহকারী প্রকৌশলী মাকবুলার আর নেই

মেহেরপুর জেলা জনস্বাস্থ্য অফিসের সহকারী প্রকৌশলী মাকবুলার রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

গতকাল সোমবার রাত ১১ টার দিকে মেহেরপুরের পুরাতন বাসস্ট্যাণ্ডপাড়ার নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। প্রয়াত মাকবুলার রহমান দীর্ঘ ১৪ বছর প্রোস্ট্রেট ক্যান্সারে আক্রান্ত ছিলেন।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তিনি স্ত্রী, ২ ছেলেসহ অসংখ্য গুণাগ্রাহি রেখে গেছেন। তাঁর গ্রামের বাড়ি কুষ্টিয়ার দৌলতপুর থানার বাগোয়ান গ্রামে। তিনি চাকরির সুবাদে দীর্ঘদিন ধরে মেহেরপুরে বসবাস করছিলেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ মঙ্গলবার সকাল ১০টার সময় মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে মেহেরপুর পৌর কবরস্থানে দাফন করা হবে।